



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩

০৩ শ্রাবণ ১৪৩১

তারিখ:-----

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ও
ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

১৮ জুলাই ২০২৪

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীতে 'স্বতন্ত্র পরিচালক' নিয়োগ এবং তাঁদের দায়িত্ব ও কর্তব্য এবং সম্মানি প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ ১৪ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২৪ এর মাধ্যমে ব্যাংক-কোম্পানীর স্বতন্ত্র পরিচালক নিয়োগ এবং তাঁর/তাঁদের দায়-দায়িত্ব ও ক্ষমতা নির্ধারণে ব্যাংকসমূহ কর্তৃক অনুসরণীয় নীতিমালা বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এ ক্ষেত্রে উক্ত সার্কুলারের ব্যাংক-কোম্পানীর 'স্বতন্ত্র পরিচালক' নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতা ও উপযুক্ততা সম্পর্কিত ৪(গ) ও (ঘ) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“০৪(গ) তাঁকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, ব্যাংকিং, ফিন্যান্স, ব্যবসায় প্রশাসন, আইন, হিসাববিজ্ঞান বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে, কোনো ব্যাংক-কোম্পানীর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা হিসাব পেশায় নিয়োজিত চার্টার্ড একাউন্ট্যান্ট কিংবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টকে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের ক্ষেত্রে যেকোনো বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হলেও বিবেচনা করা যাবে।

(ঘ) সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ বা ব্যবসায় প্রশাসন, আইন ও তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক, আইন পেশায় নিয়োজিত ব্যক্তি, অভিজ্ঞ ব্যাংকার, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অর্থ বিভাগ, শিল্প মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের অভিজ্ঞ কর্মকর্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যাবে। নতুন প্রবর্তিত ডিজিটাল ব্যাংকের স্বতন্ত্র পরিচালক নিয়োগের ক্ষেত্রে তথ্য-প্রযুক্তি বিষয়ে প্রাতিষ্ঠানিক/পেশাগত শিক্ষা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।”

০৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ ১৪ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫(৯) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০১৫৫